যুগান্তর

তারিখ ... 04 APR 2016 ...
পৃষ্ঠা ৭ ১৬ ... কলাম ... ৬ ...

# আশুলিয়ায় স্কুলের ১১টি কক্ষ পুড়ে গেছে

**আশুলিয়া (ঢাকা) প্রতিনিধি**

আশুলিয়ায় পাড়াগ্রাম এলাকায় উইলসন কিন্ডারগার্টেন অ্যান্ড হাইস্কুলে শনিবার অগ্নিকাণ্ড সংঘটিত হয়েছে। স্কুলটির ১১টি কক্ষ ভস্মীভূত হয়েছে। শিক্ষক ও প্রতিষ্ঠাতা মরজিনা বেগম জানান, পূর্ব শত্রুতার জেরে ওই স্কুলের উইলসন কিন্ডারগার্টেন অ্যান্ড হাইস্কুলের টিনসেডের একটি কক্ষে আগুন দেয় দুর্বৃত্তরা। এ সময় আগুনের লেলিহান শিখা দ্রুত ছড়িয়ে পড়লে ১১টি কক্ষই পুড়ে যায়। এতে লাইব্রেরিতে থাকা বইপত্র ও কম্পিউটারসহ মূল্যবান কাগজপত্র ভস্মীভূত হয়েছে। স্থানীয়রা ছুটে এসে পানি ছুড়ে আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেও আগুন নিয়ন্ত্রণে আনতে ব্যর্থ হন। আগুনে প্রায় ১০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে শিক্ষকরা জানান। প্রতিষ্ঠানটিতে পাঠদান বন্ধ রয়েছে।